

ঋণের টাকায় নতুন স্কেলে বেতন

আবু আলী •

সরকারি চাকরিজীবীরা ডিসেম্বরের নতুন স্কেলে বেতন পাচ্ছেন। অবশ্য সবাই পাচ্ছেন না। যারা বেতন নির্ধারণ করতে পেরেছেন কেবল তারাই পাবেন। আগামী ১ জানুয়ারি থেকে নতুন স্কেলে বেতন দেওয়া শুরু হবে। তবে এবার এমন সময়ে নতুন বেতন কাঠামো বাস্তবায়ন করা হচ্ছে যখন সরকারের রাজস্ব আদায়ে বড় ধরনের ঘাটতি রয়েছে। বৈদেশিক উৎস থেকেও আয়ের হার কম। সরকারি হিসেবেও পর্যাপ্ত উদ্বৃত্ত অর্থ নেই। উল্টো ঋণ করে হিসাবকে নেতিবাচক অবস্থায় রাখা হয়েছে। ফলে বেতন কাঠামো বাস্তবায়ন করতে হচ্ছে ঋণের টাকায়। বাণিজ্যিক ব্যাংক ও ব্যাংকবহির্ভূত ঋণের টাকাও কম ব্যবহার করা হচ্ছে। বেশি ব্যবহার করা হবে বাংলাদেশ ব্যাংক থেকে নেওয়া ঋণের টাকা। এ ঋণের আবার মূল্যস্ফীতির হার বেড়ে যাওয়ার ঝুঁকি রয়েছে।

নতুন বেতন কাঠামো বাস্তবায়নে বাড়তি টাকার জোগান দিতে কেন্দ্রীয় ব্যাংক প্রতৃষ্টি নিলেও শেষ পর্যন্ত তা কাজে আসছে না। কেননা সব সরকারি চাকরিজীবী নতুন স্কেলে ডিসেম্বরের বেতন পাচ্ছেন না। কেননা ইতোমধ্যে অনেক চাকরিজীবীই বেতন নির্ধারণ করতে পারেননি। নতুন নিয়ম অনুযায়ী সব চাকরিজীবীকেই নিজের বেতন নির্ধারণ করতে হবে। এ জন্য সরকার থেকে একটি সফটওয়্যার তৈরি করে তা অনলাইনে দেওয়া হয়েছে। যারা নিজেরা বেতন নির্ধারণ করতে পারবেন না তারা নতুন স্কেলে বেতন পাবেন না। পরবর্তী সময়ে জটিলতা নিরসন করে নিজের বেতন নির্ধারণ করলে পরবর্তী মাস থেকে নতুন স্কেলে বেতন পাবেন। ফলে জানুয়ারির শুরু থেকে বেতন পুরো টাকা লাগবে না। ইতোমধ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর চাকরিজীবীরা আগের স্কেলে ডিসেম্বরের বেতন পেয়ে গেছেন।

সূত্র জানায়, সরকারের ঘোষণা অনুযায়ী প্রথম কিস্তিতে জুলাই ও আগস্টের বকেয়ার টাকা জানুয়ারি মাসেই দেওয়া হবে। একই সঙ্গে ডিসেম্বরের বেতনও দেওয়া হবে। সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বরের বকেয়া এবং জানুয়ারি মাসের বেতন দেওয়া হবে ফেব্রুয়ারির শুরুতে।